[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চালাতে চায় বিসিবি। এজন্য ফ্র্যাঞ্চাইজিদের মতামত নেওয়া হচ্ছে। যে চারটি ফ্র্যাঞ্চাইজির সঙ্গে বৈঠক হয়েছে, তারা সবাই একই নীতিমালা রাখার দাবি জানিয়েছে। বিপিএল গভর্নিং কাউন্সিল তিনজন করে বিদেশি ক্রিকেটার ড্রাফটের বাইরে থেকে নিতে পারবেন বলছে। তবে নতুন করে চুক্তি হওয়ায় এবার খেলোয়াড় রিটেন না রেখে সরাসরি প্লেয়ার ড্রাফটে যেতে চায় বিপিএল গভর্নিং কাউন্সিল।

যদিও চারটি ফ্র্যাঞ্চাইজিই বলেছে, একজন করে স্থানীয় ক্রিকেটারকেও উন্মুক্ত করে দিতে। মঙ্গলবার রংপুর রাইডার্সের সিইও ইসতিয়াক সাদিক যেমন বললেন, ‘খেলোয়াড়দের রিটেইনশনের কিছু বিষয় আছে, সেগুলো চেয়েছি আমরা। কিছু নতুন সাইনিং ছিল গত বছরের নিয়ম অনুসারে, সেগুলো বোর্ড দিতে চাচ্ছে। আর এখন থেকে আইকন ক্রিকেটারের কোনো নিয়ম থাকবে না। যেটা থাকছে সেটা একজন লোকাল ডাইরেক্ট সাইনিং, সেটা আমরা ম্যান্ডেটরি চেয়েছি বোর্ডের কাছে।’ তাদের এই প্রস্তাব মেনে নিলে সাকিবকেই খেলাতে পারবে রংপুর।